

# 💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৮৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৮৬]

পর্ব-১৯ : উভয় ঈদের সালাত (كتاب صلاة العيدين)

পরিচ্ছেদঃ ২৭: ইমামের খুৎবাহ থেকে অবসর হওয়ার পূর্বে মিম্বার থেকে নেমে যাওয়া

باب نُزُولِ الإِمَامِ عَنِ الْمِنْبَرِ، قَبْلَ فَرَاغِهِ مِنَ الْخُطْبَةِ

### আরবী

أَخْبَرَنَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ، قال: حَدَّثَنَا أَبُو تُمَيْلَةَ، عَنِ الْحُسَيْنِ بْنِ وَاقِد، عَنِ ابْنِ بُرَيْدَةَ، عَنْ أَبِيهِ، قال: بَيْنَا رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْمِنْبَرِ يَخْطُبُ، إِذْ أَقْبَلَ الْحَسَنُ وَالْحُسَيْنُ عَلَيْهِمَا السَّلَام، عَلَيْهِمَا قَمِيصَانِ أَحْمَرَانِ يَمْشِيَانِ وَيَعْثُرَانِ فَنَزَلَ الْحَسَنُ وَالْحُسَيْنُ عَلَيْهِمَا السَّلَام، عَلَيْهِمَا قَمِيصَانِ أَحْمَرَانِ يَمْشِيَانِ وَيَعْثُرَانِ فَنَزَلَ وَحَمَلَهُمَا، فَقَالَ: صَدَقَ اللَّهُ إِنَّمَا أَمْوَالُكُمْ وَأُولادُكُمْ فِتْنَةٌ سورة التغابن آية 15 رَأَيْتُ هَذَيْنِ يَمْشِيَانِ وَيَعْثُرَانِ فِي قَمِيصَيْهِمَا، فَلَمْ أَصْبِرْ حَتَّى نَزَلْتُ فَحَمَلْتُهُمَا.

تخریج دارالدعوه: انظر حدیث رقم: ۱۳۱۳ (صحیح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1586 \_ صحيح

#### বাংলা

১৫৮৫. ইয়াকূব ইবনু ইব্রাহীম (রহ.) ..... বুরয়দাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ (সা.) মিম্বারের উপর দাঁড়িয়ে খুতুবাহ্ দিচ্ছিলেন এ সময় হাসান ও হুসায়ন (রাঃ) আসলেন। তাঁদের পরিধানে দু'টি লাল জামা ছিল, তারা চলছিল এবং পড়ে যাচ্ছিল। অতঃপর তিনি (সা.) নেমে আসলেন এবং উভয়কে উঠিয়ে নিলেন আর বললেন, আল্লাহ তা'আলা সত্যই বলেছেন, "অবশ্যই তোমাদের সম্পদ এবং তোমাদের সন্তান-সন্ততি পরীক্ষা স্বরূপ"- (সূরাহ্ আত্ তাগাবুন ৬৪: ১৫)। আমি এদের দেখলাম যে, এরা চলছে এবং হুমড়ি খেয়ে পড়ে যাচ্ছে জামায় আটকিয়ে আটকিয়ে। তখন আমি ধৈর্যধারণ করতে পারলাম না। অবশেষে নীচে নেমে আসলাম এবং তাদের উঠিয়ে নিলাম।

## **English**



Imam coming down from the minbar before finishing the Khutbah

It was narrated from Ibn Buraidah that: His father said: While the Messenger of Allah (ﷺ) was on the minbar, Al-Hasan and Al-Husain came, wearing red shirts, walking and stumbling. He came down and picked them up, then said: 'Allah has spoken the truth: Your wealth and your children are only a trial.' I saw these two walking and stumbling in their shirts, and I could not be patient until I went down and picked them up.'

### ফুটনোট

সহীহ: আবু দাউদ ১১০৯, তিরমিযী ৩৭৭৪, ইবনু মাজাহ ৩৬০, সহীহ ইবনু খুযায়মাহ ১৪৫৬। [দ্রঃ ১৪১৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ বুরায়দাহ ইবনু হুসাইব আল-আসলামী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন